

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.msw.gov.bd](http://www.msw.gov.bd)

নং-৪১.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৮-৬৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭  
২৮ জুলাই ২০২০

বিষয়: 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' প্রদানের জন্য মনোনয়ন প্রসঙ্গে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবতাবাদের আদর্শে লালিত তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক উদ্যোগে সমাজের অবহেলিত, নিগৃহীত, সহায়হীন, অক্ষমসহ বিভিন্ন অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে বয়স্কভাতা, বিধবা ভাতা, স্বামী নিগৃহীতা নারীদের ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি, দরিদ্র ও জটিল রোগীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে হাসাপাতালে সমাজসেবা কার্যক্রম সম্প্রসারণ, ভিক্ষুক পুনর্বাসন, বাল্য বিবাহ রোধ, সরকারি চাকরিতে প্রতিবন্ধী কোটা ও তাদের সামাজিক মর্যাদা প্রতিষ্ঠার ব্যবস্থা, পথ শিশুদের পুনর্বাসন, অতিদরিদ্রদের জন্য টেকসই সামাজিক নিরাপত্তা বেঁটনী গড়া, পিতা-মাতার ভরণ-পোষণ আইনসহ বিভিন্ন জনকল্যাণমূলক কার্যক্রম চালু করেছেন। তারই ধারাবাহিকতায় "প্রয়োজনে একবেলা খাব" এ দৃঢ় প্রত্যয়ে বলীয়ান হয়ে মাননীয় প্রধানমন্ত্রী মিয়ানমার থেকে আগত বাস্তুচ্যুত প্রায় ১১ লাখ বিশাল রোহিঙ্গা জনগোষ্ঠীকে বাংলাদেশে স্থান দিয়ে সার্বিক সামাজিক নিরাপত্তা প্রদান করে আজ সারা বিশ্বে তিনি "মাদার অব হিউম্যানিটি" হিসেবে স্বীকৃতি লাভ করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ সকল মহান উদ্যোগ দেশের জনগন ও জনসেবার সাথে সংশ্লিষ্ট ব্যক্তি, সরকারি/বেসরকারি সংস্থা/ প্রতিষ্ঠানসমূহের মধ্যে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে মানবতার উন্নয়নে সমাজসেবা, সমাজকল্যাণ ও সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠায় বিশেষ অবদানের জন্য "মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক" চালু করা হয়েছে।


"মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০১৮" এর নীতিমালা অনুযায়ী ব্যক্তি পর্যায়ে, বেসরকারি সংস্থা ও প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর/ সংস্থা বা প্রতিষ্ঠান হতে ৫টি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার জন্য 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' প্রদান করা হবে। মনোনয়ন প্রেরণ এবং এ প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি নিম্নরূপ:

	কর্মসূচি	নির্ধারিত সময়সীমা
(ক)	মনোনয়ন আহবান	২৮ জুলাই, ২০২০
(খ)	জেলা পর্যায়ের কমিটিতে আবেদন গ্রহণ	২০ আগস্ট, ২০২০
(গ)	জেলা কমিটিতে মনোনয়ন চূড়ান্তকরণ	০৩ সেপ্টেম্বর, ২০২০
(ঘ)	জেলা কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে মনোনয়ন সুপারিশ প্রেরণ	১০ সেপ্টেম্বর, ২০২০
(ঙ)	মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ে সরকারি প্রতিষ্ঠান মনোনয়ন চূড়ান্তকরণ	০৬ সেপ্টেম্বর, ২০২০
(চ)	জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	১৫ অক্টোবর, ২০২০
(ছ)	জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্ত মনোনয়ন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	৩১ অক্টোবর, ২০২০
(জ)	মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদনক্রমে পদক ঘোষণা	০২ জানুয়ারি, ২০২১

\* 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০১৯-২০২০)' এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.msw.gov.bd](http://www.msw.gov.bd)), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট ([www.dss.gov.bd](http://www.dss.gov.bd)) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

\* সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে অবস্থিত জেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন দাখিল করতে হবে।

\* মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের মনোনয়নের ক্ষেত্রে সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

  
(ড. মো: আবুল হোসেন)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৬৬৮৩

Email: [performance@msw.gov.bd](mailto:performance@msw.gov.bd)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা (তঁার অধীনস্থ সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৪। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৫। উপ পরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয় .....

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (পরিবহন, উন্নয়ন ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।